

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


তারিখ: ২১/০৬/২০২১ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- (০-৫) জাতী:বি:পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৮৭, তারিখ: ১৬/০৬/২০২১ খ্রি. মোতাবেক ২০১৯-২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী রেজিস্ট্রেশন, অনলাইনে কোর্স সম্পন্ন, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে আবেদন ফরম পূরণ করেছে, সেসব শিক্ষার্থীদেরকে শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion ঘোষণা করা হবে। এছাড়াও ২০১৮-১৯, ২০১৭-১৮ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে।

এমতাবস্থায় যেসব শিক্ষার্থী বর্ণিত শর্ত মেনে নিয়ে ২য় বর্ষে Promotion গ্রহণে রাজি আছে, তাদেরকে এ মর্মে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকার নামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে হাতে হাতে আগামী ১০/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

অতীব জরুরী।



(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


স্মারক নং- রাসক/ ৮৭৬/৪

তারিখ: ২১/০৬/২০২১ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো-

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে সকল পরীক্ষার্থীর অঙ্গীকার নামা জমা নিয়ে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ প্রেরণের লক্ষ্যে আগামী ১১/০৭/২০২১ খ্রি. তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৪। সংরক্ষণ নথি।


অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২১/০৬/২০২১



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website : www.nubd.info/honours

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ২য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ে ঘোষিত সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	:	
পিতার নাম	:	
মাতার নাম	:	
রেজিস্ট্রেশন নং	:	
কলেজ কোড	:	
শিক্ষাবর্ষ	:	
কলেজের নাম	:	